

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

Vacancy

01

Job Context

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের বাস্তবায়নাধীন আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) এর অর্থায়নে "Strengthening Labour Inspection System of Bangladesh including gender, communication, knowledge management and OSH" এর অধীন সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্পের মেয়াদকালের (ডিসেম্বর ২০২০ পর্যন্ত) জন্য নিম্নবর্ণিত শূণ্য পদে নিয়োগের লক্ষ্যে উল্লেখিত শর্তে আগ্রহী স্থায়ী বাংলাদেশী নাগরিকগণের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

Job Responsibilities

প্রকল্প কাজের সমন্বয় সাধন, প্রকল্পের জনবলের কার্যাবলী তত্ত্বাবধান, পেশাগত স্বাস্থ্য ও সেইফটি বিষয়ক কাজের বাস্তবায়ন এবং ইংরেজি ও বাংলায় প্রতিবেদন তৈরী, যথা সময়ে প্রকল্প প্রতিবেদন জমা দান ইত্যাদি। কম্পিউটারের ব্যবহারের ক্ষেত্রে Word & Excel Processing / Data Entry ও Typing, কম্পিউটার চালনায় পারদর্শিতা। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা এর সরাসরি তত্ত্বাবধানে এবং সংশ্লিষ্ট আইএলও কর্মকর্তাদের সংগে ঘনিষ্ঠভাবে থেকে আরএমজি প্রকল্প সংক্রান্ত কার্যক্রম সম্পাদন করতে হবে।

Employment Status

Contractual

Educational Requirements

- কমপক্ষে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।

Experience Requirements

- At least 7 year(s)

Additional Requirements

- সরকারী/বেসরকারী উন্নয়ন প্রকল্পে কমপক্ষে সাত (০৭) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে শ্রম পরিদর্শন / শ্রম আইন পেশাগত স্বাস্থ্য ও সেইফটি (OSH) বিষয়ক কাজে অভিজ্ঞ হতে হবে।

Job Location

বাংলাদেশের যেকোনো স্থানে

Apply Procedure

শর্তাবলী:

১. আগ্রহী প্রার্থীদের স্বাক্ষরিত আবেদনপত্র ও পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত (অবশ্যই মোবাইল নং, ইমেইল ও সংশ্লিষ্ট ঠিকানা উল্লেখ থাকতে হবে), স্বহস্তে অথবা কম্পিউটার টাইপের (বাংলা ও ইরেজি উভয় হতে পারে) আবেদন করা যাবে, প্রার্থীর পূর্ণ ঠিকানা সম্বলিত দশ (১০) টাকা মূল্যমানের ডাকাটিকেট যুক্ত ফেরত খাম সহ মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, বিএফডিসি কমার্শিয়াল কমপ্লেক্স, ২৩-২৪ কাওরানবাজার, ঢাকা-১২১৫ বরাবর আগামী ১৬ জুন ২০১৯ তারিখ (বিকাল ৫-০০ ঘটিকা) অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি অথবা ডাকযোগে প্রেরণ করতে হবে।
২. দাখিলকৃত আবেদন যাচাই পূর্বক যোগ্য বিবেচিত প্রার্থীদের সংক্ষিপ্ত তালিকা (Short list) প্রস্তুত করত: লিখিত/মৌখিক পরীক্ষার অথবা উভয়ই জন্য আহ্বান করা হবে।
৩. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল সনদের ফটোকপি ও পাসপোর্ট সাইজের তিন (০৩) কপি ছবি আবেদন পত্রের সাথে যুক্ত করতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ও সীল থাকতে হবে।
৪. ক) প্রার্থীদের বয়স ১৬ জুন ২০১৯ তারিখে অনূর্ধ্বচল্লিশ (৪০) হতে হবে। অধিক অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
খ) বেতন আলোচনা সাপেক্ষে নিধারিত হবে।
গ) লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
৫. আবেদনপত্রের খামের উপর অবশ্যই পদের নাম ও নিজ জেলা উল্লেখ থাকতে হবে।
৬. আবেদন পত্রে কোন ভুল তথ্য প্রদান করা হলে / কোন প্রকার জালিয়াতির আশ্রয় গ্রহন করা হলে আবেদন পত্র বাতিল বলে গন্য হবে।
৭. নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার এবং বিজ্ঞাপিত পদ সংখ্যা কম / বেশী করার ক্ষমতা সংরক্ষন করেন।
৮. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।
৯. উপরে উল্লেখ করা হয় নি এমন ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।
১০. প্রকল্পের মেয়াদ পর্যন্ত চাকুরীর সময়সীমা বলবৎ থাকবে।
১১. বর্ণিত নিয়োগ বিজ্ঞপ্তি কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ওয়েব সাইটে পাওয়া যাবে।
ওয়েব সাইটের ঠিকানা: www.dife.gov.bd.

Application Deadline : **June 16, 2019**